# ইসলামের নামে জঙ্গিবাদ

বিভাগ/অধ্যায়ঃ ৩. বিভ্রান্তির তাত্ত্বিক পর্যালোচনা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ১১. ২. ৭. দুনিয়ামুখিতা বা ফলাফল-মুখিতা

অন্য যে বিষয়টি উগ্রতার পথ উন্মুক্ত করে তা হলো দাওয়াতের দুনিয়ামুখিতা ও দুনিয়ার ফলাফল বিচার। রাতারাতি, অল্প কিছু দিনে বা বৎসরে বা পরিকল্পিত সময়ের মধ্যে সব কিছু ভাল করে ফেলার বা কোনো জাগতিক ‘‘ফল’’ অর্জন করার চিন্তা যেমন অবাস্তব ও আল্লাহর সুন্নাতের বিরোধী, তেমনি কিছুই হবে না বলে হতাশ হয়ে পড়া অথবা বলে কিছু লাভ হবে না মনে করে দাওয়াতের দায়িত্বে অবহেলা করাও ধ্বংসাত্মক ও আল্লাহর আদেশের বিরোধী। ইসলামের বিজয়ের প্রতিশ্রুতি আল্লাহ দিয়েছেন এবং তিনিই একে এগিয়ে নিবেন। মুমিনের দায়িত্ব সুন্নাতের আলোকে নিজের কর্ম আঞ্জাম দেওয়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন